সময়ের আলো



ঢাবিতে ছাত্রী সংস্থার আয়োজনে হিম উৎসব

● ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলা প্রাঙ্গণে বাংলাদেশ ইসলামী ছাত্রী সংস্থা ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে দুই দিনব্যাপী 'হিম উৎসব ১৪৩২' অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার শুরু হওয়া এ উৎসব গতকাল বুধবার শেষ হয়।

ইসলামী ছাত্রী সংস্থা ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভানেত্রী সাবিকুন্নাহার তামান্না বলেন, এখন শীতকাল চলছে, এই শীতকালকে উপভোগ করতে ক্যাম্পাসের শিক্ষার্থীদের জন্য এই হিম উৎসবের আয়োজন। গ্রামবাংলার ঐতিহ্যের চর্চা এই ঢাকা শহরে তেমন নেই। তা ছাড়া শিক্ষার্থীরাও পরিবার ছেড়ে এখানে থাকার কারণে শীতের পিঠা খেতে পারছে না, শীত উপভোগ করতে পারছে না। এ জন্য মূলত এই ধরনের আয়োজন করেছে ইসলামী ছাত্রী সংস্থা ঢাকা বিশ্ববিদ্যালয়।

মেলায় অংশগ্রহণ করা শিক্ষার্থীরা বলেন, ক্যাম্পাসে প্রতিটি রাজনৈতিক দলই শিক্ষার্থীবান্ধব কার্যক্রম চালু রাখুক। তা ছাড়া সাম্প্রতিক সময়ে ক্যাম্পাসকেন্দ্রিক চাঁদাবাজি, হয়রানি ও ছিনতাইসহ নানা নেতিবাচক ঘটনায় শিক্ষার্থীরা মানসিকভাবে চাপে রয়েছেন। এই প্রেক্ষাপটে যে সংগঠনেরই হোক, এমন বিনোদনমূলক ও ইতিবাচক আয়োজন প্রশংসনীয় বলে তারা মনে করেন।

উৎসবে মেহেদি কর্নার, বিভিন্ন স্টল, সাংস্কৃতিক আয়োজন, পিঠাপুলি, মেয়েদের প্রসাধনী সামগ্রী এবং নারী শিক্ষার্থীদের জন্য নানা প্রতিযোগিতার আয়োজন করা হয়। আয়োজনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নারী শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ লক্ষ করা যায়।